

RESEARCH & PUBLICATION CELLUniversity of Chittagong
Chittagong-4331, BangladeshPhone : PABX 726311-14, 2606001-10,
2606015-27, Extension-Off. : 4359

Fax : 88-031-2606014, 2606145

E-mail : researchpublicationcell@gmail.com

স্মারক নং- /গবে/পরি/প্রকা/দপ্তর/চ বি/২০১৮

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৩১, বাংলাদেশ

ফোন : পিএবিএক্স ৭২৬৩১১-১৪, ২৬০৬০০১-১০

২৬০৬০১৫-২৭, এক্সটেনশন অফিস : ৪৩৫৯

ফ্যাক্স : ৮৮-০৩১-২৬০৬০১৪, ২৬০৬১৪৫

ই-মেইল : researchpublicationcell@gmail.com

তারিখঃ ০৩/০৪/২০১৮

Ref. :

“গবেষণা প্রকল্প জমা দানের বিজ্ঞপ্তি”

Date :

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনার/আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, ০১/০৪/২০১৮ তারিখে অনুষ্ঠিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গবেষণা পরিচালনা ও প্রকাশনা কমিটির ১০৪ তম সভার ৩৪ নং সিদ্ধান্তমতে এবং ২৭/৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৫১০ তম সভার ৩নং সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক ও এম.ফিল/পি এইচ ডি. গবেষণারত ছাত্র-ছাত্রীদের গবেষণা কাজে আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/ইনস্টিটিউট এর আগ্রহী শিক্ষক এবং এম.ফিল/পি এইচ ডি. গবেষণারত ছাত্র-ছাত্রীদের একক/যৌথভাবে নিম্নোক্ত(১ হতে ৪) নং ক্যাটাগরি অনুযায়ী আবেদন ফরম পূরণ করে ৩(তিন)কপি গবেষণা প্রকল্প প্রস্তাবনা (স্পাইরাল বাইন্ডিং) করে বিভাগীয় সভাপতি/পরিচালক এর সুপারিশক্রমে আগামী ৩০/০৪/২০১৮ তারিখের মধ্যে বিজ্ঞপ্তিতে সংযুক্তির শর্ত মোতাবেক গবেষণা পরিচালনা ও প্রকাশনা অফিসে জমা দানের জন্য অনুরোধ করা হল।

৪(চার)টি ধাপে গবেষণা প্রকল্পের ধরণ ও প্রকৃতি (ক্যাটাগরী) নির্ধারণ করা হয়। প্রকল্প জমা দেওয়ার সময় ক্যাটাগরি উল্লেখ করতে হবে।

	ক্যাটাগরি	গবেষণা অনুদানের পরিমাণ
১।	ক-ক্যাটাগরি মাঠকর্ম + ল্যাব ভিত্তিক	-৪ থেকে ৫ লক্ষ টাকা
২।	খ- ক্যাটাগরি শুধু মাঠকর্ম ভিত্তিক	-৩ থেকে ৪ লক্ষ টাকা
৩।	গ-ক্যাটাগরি শুধু ল্যাব ভিত্তিক	-২ থেকে ৩ লক্ষ টাকা
৪।	ঘ-ক্যাটাগরি শুধু লাইব্রেরী ভিত্তিক	-১ থেকে ২ লক্ষ টাকা

(প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহমেদ)

পরিচালক

গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

সংযুক্তি : আবেদন পত্রের নমুনা ও নীতিমালা

বিঃদ্র: -বিজ্ঞপ্তিটি অত্যন্ত জরুরী বিধায় আপনার বিভাগ/ ইনস্টিটিউটের সকল সম্মানিত শিক্ষক ও এম.ফিল/পি এইচ ডি. গবেষণারত ছাত্র-ছাত্রীদের অবহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল।